বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৭৫৬২২
e-mail:
dgmtreasury@krishibank.org.bd

ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ

নং-প্রকা/টিএমডি/(সাঃবিঃ)০৪/২০১৮-২০১৯/ ২১৪ (৬০) তারিখঃ ০৯-০৯-২০১৮

০১। উপ-মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়/সকল কর্পোরেট শাখা ।

০২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ সাপ্তাহিক প্রতিবেদন(এসিএফ-৯১) ও শাখার নগদ তহবিল ধারন সংক্রান্ত প্রতিবেদন প্রেরন প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। আপনি অবগত আছেন যে,সাপ্তাহিক প্রতিবেদন(এসিএফ-৯১) একটি গুরুত্বপূর্ণ বিবরণী যা প্রতি সপ্তাহান্তে বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন কর্পোরেট শাখা/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ হতে নির্ধারিত সময়ের মধ্যে সাপ্তাহিক প্রতিবেদন ও শাখার নগদ তহবিল ধারন সংক্রান্ত প্রতিবেদন প্রেরন করা হয় না যার প্রেক্ষিতে নির্ধারিত সময়ে বাংলাদেশ ব্যাংকে সাপ্তাহিক প্রতিবেদন প্রেরন করা সম্ভব হচ্ছেনা।

০৩। এমতাবস্থায়,প্রতি সপ্তাহান্তে সোমবারের মধ্যে সাপ্তাহিক প্রতিবেদন (এসিএফ-৯১) ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগে প্রেরনের জন্য সকলকে পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হলো। সাপ্তাহিক প্রতিবেদনের সাথে অঞ্চলাধীন সকল শাখার নগদ তহবিল ধারন সংক্রান্ত বিবরণী নিম্নোক্ত ছক মোতাবেক অত্র বিভাগের ই- মেইল (dgmtreasury@krishibank.org.bd ) এ প্রেরন নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো।

০৪। উল্লেখ্য যে , নির্ধারিত সময়ে বাংলাদেশ ব্যাংকে সাপ্তাহিক প্রতিবেদন প্রেরন করা না হলে জরিমানা আরোপের বিধান রয়েছে। সুতরাং,কর্পোরেট শাখা/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় থেকে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রতিবেদন(এসিএফ-৯১) প্রেরন করা না হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ও সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপককে বহন করতে হবে।

শাখার নগদ তহবিল ধারন সংক্রান্ত বিবরণী প্রেরণের 'ছক'
বাংলাদেশ কৃষি ব্যাংক
...................অঞ্চল

(লক্ষ টাকায়)

| ক্রঃনং | শাখার নাম | নির্ধারিত নগদ তহবিল ধানর সীমা | | | সাপ্তাহিক রক্ষিত টাকার পরিমাণ | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সিন্দুকে/ভোল্টে রক্ষিত টাকার পরিমাণ | সোনালী/অন্যান্য ব্যাংকে রক্ষিত টাকার পরিমাণ | মোট | সিন্দুকে/ভোল্টে রক্ষিত টাকার পরিমাণ | সোনালী/অন্যান্য ব্যাংকে রক্ষিত টাকার পরিমাণ | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |

আপনার বিশ্বস্ত

০৯.০৯.১৮
(গোলাম মোঃ আরিফ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/টিএমডি/হিঃ(সাঃবিঃ)০৪/২০১৮-২০১৯/২১৪ (৬০) তারিখঃ ০৯-০৯-২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়সমূহ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, এলপিও, ঢাকা ও সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়সমূহ।
০৫। **উপ-মহাব্যবস্থাপক, আইসিটি, বিকেবি, প্রকা, ঢাকাকে অত্র পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।**
০৬। নথি/মহানথি।

০৯/০৯/১৮
( পংকজ কুমার সিকদার )
মুখ্য কর্মকর্তা

E:\Pankaj\OFF-SITE SUPERVISION.doc